

জাতীয় বিশ্ববিদ্যালয়ের এমফিল ও পিএইচডি ভর্তি পরীক্ষা স্থগিত


নিজস্ব
প্রতিবেদক,
গাজীপুর

২৮ জুলাই, ২০২৪
১৯:১৩

শেয়ার

অ +

অ -



জাতীয় বিশ্ববিদ্যালয়ের লোগো। সংগৃহীত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের এমফিল ও পিএইচডি ভর্তি পরীক্ষা অনিবার্য কারণে স্থগিত করা হয়েছে। রবিবার (২৮ জুলাই) বিশ্ববিদ্যালয়ের পরিচালক (জনসংযোগ) মো. আতাউর রহমান স্বাক্ষরিত এক

বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ৫ আগস্ট ভর্তি পরীক্ষা হওয়ার কথা ছিল। পরিবর্তিত তারিখ এবং ভর্তি কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত তথ্য পরে জানানো হবে।

কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সারাদেশে প্রাথমিক বিদ্যালয় থেকে শুরু করে কলেজ, বিশ্ববিদ্যালয় পর্যায়ের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ইতোমধ্যে ১ আগস্ট পর্যন্ত চলমান এইচএসসি ও সমমানের পরীক্ষাও স্থগিত করা হয়েছে।